

সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৯৪৫

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ মুসল্লী ব্যক্তি সালাতে যে তাশাহহুদ পাঠ করে তার বিবরণ

ذِكْرُ وَصنْفِ التَّشَهُّدِ الَّذِي يَتَشَهَّدُ الْمَرْءُ فِي صَلَاتِهِ

আরবী

1945 _ أَخْبَرَنَا الْحَسَنُ بْنُ سُفْيَانَ قَالَ: حَدَّثَنَا أَبُو بَكْرِ بْنُ أَبِي شَيْبَةَ قَالَ: حَدَّثَنَا هُشَيْمٌ قَالَ: أَخْبَرَنَا حُصَيْنُ بْنُ عَبْدِ الرَّحْمَنِ وَالْمُغِيرَةُ وَالْأَعْمَشُ عَنْ أَبِي وَائِلِ عَنْ عَبْدِ اللَّهِ قَالَ: كُنَّا إِذَا جَلَسْنَا خَلْفَ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فِي الصَّلَاةِ تَقُولُ: السَّلَامُ عَلَى عَبْدِيلَ السَّلَامُ عَلَى غُلَانٍ السَّلَامُ عَلَى عَبْدِيلَ السَّلَامُ عَلَى عَيكَائِيلَ السَّلَامُ عَلَى فُلَانٍ السَّلَامُ عَلَى فُلَانٍ السَّلَامُ عَلَى غُلَانٍ السَّلَامُ عَلَى غُلَانٍ السَّلَامُ عَلَى فُلَانٍ السَّلَامُ عَلَى غُلَانٍ السَّلَامُ عَلَيْكَ أَيُّهَا النَّبِيُّ وَرَحْمَةُ اللَّهِ وَبَرَكَاتُهُ السَّلَامُ عَلَيْكُمْ إِنَا اللَّهُ وَأَشْهَدُ أَنَّ مُحُمَّدًا عَبْدُهُ وَرَسُولُهُ فَإِنَّكُمْ إِنَا وَعَلَى عَبِدِ اللَّهِ المَصَدِنَ اللَّالِينِ الطَالِقِينَ الْأَلْبَانِي المَصِدِنَ : عَبْدِ اللَّهِ المحدث : العلامة ناصر الدين الألباني المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان الصفحة أو الرقم: 1945 ا خلاصة حكم المحدث: صحيح - ((صحيح أبي داود))

বাংলা

১৯৪৫. আব্দুল্লাহ বিন মাস'উদ রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, "আমরা যখন রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের পিছনে সালাতের বৈঠকে বসতাম, তখন আমরা বলতাম "আল্লাহর উপর শান্তি বর্ষিত হোক, জিবরীল আলাইহিস সালামের প্রতি শান্তি বর্ষিত হোক, মীকাঈল আলাইহিস সালামের প্রতি শান্তি বর্ষিত হোক, ওমুকের উপর শান্তি বর্ষিত হোক।" তখন নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম আমাদের দিকে তাকান এবং বলেন, "নিশ্চয়ই আল্লাহ নিজেই শান্তিদাতা। কাজেই তোমরা বলো, أَالسَّعَاتُ وَالصَّلُواتُ وَالطَّيْبَاتُ



السَّلَامُ عَلَيْكَ أَيُّهَا النَّبِيُّ وَرَحْمَةُ اللَّهِ وَبَرَكَاتُهُ السَّلَامُ عَلَيْنَا وَعَلَى عِبَادِ اللَّهِ الصَّالِحِينَ أَشْهَدُ أَنْ لَا إِلَهَ إِلَّا اللَّهُ السَّلَامُ عَلَيْنَا وَعَلَى عِبَادِ اللَّهِ الصَّالِحِينَ أَشْهَدُ أَنْ لَا إِلَهَ إِلَّا اللَّهُ (সমন্ত অভিবাদন, সালাত ও পবিত্র জিনিস আল্লাহর জন্য। হে নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম, আপনার প্রতি বর্ষিত হোক আল্লাহর রহমত, বরকত ও সালাত। শান্তি বর্ষিত হোক আমাদের উপর এবং আল্লাহর সংবান্দাদের উপর। আমি সাক্ষ্য দিচ্ছি যে, আল্লাহ ছাড়া প্রকৃত কোন মা'বূদ নেই আমি আরো সাক্ষ্য দিচ্ছি যে, মুহাম্মাদ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম তাঁর বান্দা ও রাসূল)।

যখন তোমরা এমনটা করবে, তখন তোমরা মূলত আসমান-জমিনের সমস্ত সৎ বান্দাদেরদের উপর সালাম পোশ করলে।"[1]

ফুটনোট

[1] মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ১/২১৯; সহীহ আল বুখারী: ১২২০; সহীহ ইবনু খুযাইমাহ: ৭০৪; তাহাবী, শারহু মা'আনিল আসার: ১/২৬৩; তাবারানী আল কাবীর: ৯৯০২; আবূ আওয়ানা: ২/২২৯; সুনান বাইহাকী: ২/১৩৮; মুসনাদ আহমাদ: ১/৪৩১; আবূ দাউদ: ৯৬৮; ইবনু মাজাহ: ৮৯৯; সহীহ মুসলিম: ৪০২; বাগাবী, শারহুস সুন্নাহ: ৬৭৮; নাসাঈ: ৩/৪১; দারেমী: ১/৩০৮।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ বুখারী ও মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবু দাউদ: ৮৮৯)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইব্ন মাসউদ (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন